

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ১২ই আষাঢ় ১৪০৯/২৬ শে জুন ২০০২

এস, আর, ও, নং ১৬৭ আইন/২০০২—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশ এর অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৯) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৯) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৯) কম্পিউটার—কম্পিউটার ব্যবসায় নিয়োজিত বিদেশী বাণিজ্যিক সংস্থা তাহাদের নিজস্ব (প্রোপ্রাইটরী) পণ্য অর্থাৎ কম্পিউটার ও উহার যন্ত্রাংশ এবং সরঞ্জামাদি ঋণপত্র খুলিয়া অথবা সরাসরি বিদেশে মূল্য পরিশোধের ভিত্তিতে আমদানি করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এই আদেশে যাহা কিছুই থাকুক না কেন, কোন দেশী বা বিদেশী এন জি ও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান অনুদান হিসাবে বা অন্য কোনভাবে পুরাতন কম্পিউটার আমদানি করিতে চাহিলে শিক্ষা মন্ত্রণালয় বা প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে আবেদন করিবে এবং উক্ত মন্ত্রণালয় বা বিভাগ হইতে আমদানি, বিতরণ ও ব্যবহার নিয়ন্ত্রণের নিশ্চয়তা প্রদান করিয়া সুপারিশ করা হইলে ঐ মন্ত্রণালয় বা বিভাগের নামে কম্পিউটারের গায়ে “বিক্রির জন্য নহে” ছাপযুক্ত করিয়া কম্পিউটার আমদানি করিতে পারিবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. গোলাম মোস্তফা  
উপ-সচিব।

মোঃ সারোয়ারুল্লাহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৯৭৯)

মূল্য ৳ টাকা ১.০০